भारतीय गैर न्यायिक

पचास रुपये रु.50

FIFTY RUPEES Rs.50

INDIA

INDIA NON JUDICIAL

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

AF 217793

The document is admitted to registration. The endorsement sheets and the signature sheet attached with this deed are part of the document.

Registrar, Malda
U/s 7(2) of the Registration Act.

2 6 SEP 2022

12 6 SEP 2022 আমমোক্তার নামা

আমমোক্তার দাতা- ১) শ্রী মলয় বসাক, আধার নং-৯২১৮ ৬০৭২ ২০৫৫, PAN- ABXPB0604P, ২) শ্রী মৃণাল কান্তি বসাক, আধার নং- ৪৮৬১ ৮৩৪৪ ৩১৪০, PAN-ADNPB3414F, উভয়ের পিতা- স্বর্গীয় মুরারী মোহন বসাক, উভয়ের সাং- বিবিগ্রাম, থানা- ইংরেজ বাজার, পোঃ ও জেলা- মালদহ, উভয়ের জাতি- হিন্দু, পেশা- চাকুরী, উভয়েই ভারতীয় নাগরিক।

অপর পাতা-২

No. 3026

Date 22-09-22

Price 50/-

Name Abhijit Mukhopadhyay

Address

Police Station H. B. Pur

District Malda

Secretary
Malda Bar Association
Malda.
L. No.- 48 / CC / 79

OF THE DISTRICT SUB-REGISTRAR

জেলা অবর নিবন্ধকের মোহর

MALDA

Registrar, Malda
U/s 7(2) of the Registration Act

22 SEP 2022

Malay Basak
Trinal Kanti Basak.

**আমমোক্তার গ্রহীতাঃ- অভিজিৎ মুখোপাধ্যায়,** PAN- AEDPM2566E, পিতা- স্বর্গীয় তারাপদ মুখোপাধ্যায়, সাং ও পোঃ- আইহো, থানা- হবিবপুর, জেলা- মালদহ, হাল সাং- উত্তর বালুচর, থানা- ইংরেজ বাজার, পোঃ ও জেলা- মালদহ, জাতি- হিন্দু, পেশা- ব্যবসা, ভারতীয় নাগরিক।

কস্য আমমোক্তার নামা পত্র মিদং লিখিতং কার্য্যাঞ্চাগে। নিম্ন তপশীল বর্নিত সম্পত্তি পূর্বে সেখ ঘোতু-এর ষোল আনা স্বত্ব দখলীয় সম্পত্তি ছিল এবং তাঁহার নাম আর.এস. ৫৩৯ ও ৫৪০ নং খতিয়ানে শুদ্ধভাবে লিপিবদ্ধ হইয়া রহিয়াছে। সেখ ঘোতু অত্র সম্পত্তি ভোগদখল করিতে থাকাকালে স্ত্রী খাতুন বেওয়া, সাত পুত্র মসিরুদ্দিন সেখ, পাঁচু সেখ, বাদলু সেখ, কাবুল সেখ, হানিফ সেখ, আবুল সেখ, কুতুবুদ্দিন সেখ এবং চার কন্যা আমিনা বিবি, খাইরুন বিবি, সাবিনা বিবি, আইমন বিবি-কে ওয়ারীশ রাখিয়া মৃত্যুবরণ করেন। তৎপর খাতুন বেওয়া, মসিরুদ্দিন সেখ, পাঁচু সেখ, বাদলু সেখ, কাবুল সেখ, হানিফ সেখ, আবুল সেখ, কুতুবুদ্দিন সেখ, আমিনা বিবি, খাইরুন বিবি, সাবিনা বিবি ও আইমন বিবি গত ইংরেজী ০৮/০২/১৯৬৪ তারিখে মালদহ সদর রেজিষ্ট্রী অফিসের রেজিষ্ট্রীকৃত ২০৩১ নম্বর খোষ কোবলা দলিল মূলে তাহাদের সম্পত্তি মধ্যে ৮৪৪ নং দাগে ৭.১৩ শতক, ৮৪৫ নং দাগে ১.৩৭ শতক এবং ৮৪৬ নং দাগে ২.১৯ শতক পরিমিত সম্পত্তি মুরারী মোহন বসাক ও নবগৌরাঙ্গ বসাক বরাবর বিক্রয় করেন। তৎপর মুরারী মোহন বসাক ও নবগৌরাঙ্গ বসাক অত্র সম্পত্তি এজমালীতে ভোগদখল করিয়া আসিতে থাকাকালে নবগৌরাঙ্গ বসাক তাহার অংশের সম্পত্তি গত ইংরেজী ০৫/০৭/১৯৬৫ তারিখে মালদহ সদর রেজিষ্ট্রী অফিসের রেজিষ্ট্রীকৃত ৯৫০১ নং না-দাবী নামা দলিল মূলে মুরারী মোহন বসাক বরাবর হস্তান্তর করেন এবং মুরারী মোহন বসাক অত্র সম্পত্তি ষোল আনা রকমে প্রাপ্ত হন। মুরারী মোহন বসাক অত্র সম্পত্তি ভোগদখল করিয়া আসিতে থাকাকালে স্ত্রী মলিনা রানী বসাক, দুই কন্যা মঞ্জুশ্রী বসাক, মমতা বসাক (প্রামানিক), দুই পুত্র মলয় বসাক ও মৃণালকান্তি বসাক-কে ওয়ারীশ রাখিয়া পরলোক গমন করেন, তৎপর মুরারী মোহন বসাক-এর স্ত্রী ও দুই কন্যা তাহাদের অংশের ৬.৪২ শতক সম্পত্তি গত ইংরেজী ০৭/০৪/২০০৫ তারিখে মালদহ এ.ডি.এস.আর. অফিসের রেজিষ্ট্রীকৃত ১৯৬৭ নং দানপত্র দলিল মূলে মলয় বসাক ও মৃণালকান্তি বসাক বরাবর হস্তান্তর করিয়া নিঃস্বত্ব হন। মলয় বসাক ও মৃণালকান্তি বসাক গত ইংরেজী ০৭/০৪/২০০৫ তারিখে

মালদহ এ.ডি.এস.আর. অফিসের রেজিষ্ট্রীকৃত ১৯৬৭ নং দানপত্র দলিল মূলে এবং পিতার ওয়ারীশ সূত্রে প্রাপ্ত সম্পত্তি এজমালীতে ভোগদখল করিয়া আসিতে থাকাকালে গত ইংরেজী ০৭/০৪/২০০৫ তারিখে মালদহ এ.ডি.এস.আর. অফিসের রেজিষ্ট্রীকৃত ১৯৬৮ নং বন্টননামা দলিল মূলে তাহাদের সম্পত্তি বিভাগ বন্টন করিয়া লন এবং মলয় বসাক ৫.৩৫ শতক সম্পত্তি ও মৃণালকান্তি বসাক বসাক ৫.৩৪ শতক সম্পত্তি প্রাপ্ত হইয়া নিজ নিজ নাম এল.আর. ৫১৫১ ও ৫১৫২ নং খতিয়ানে শুদ্ধভাবে লিপিবদ্ধ করাইয়া ষোল আনা রকমে ভোগদখল করিয়া আসিতে থাকেন এবং আর.এস. ৮৪৪, ৮৪৫ এবং ৮৪৬ নং দাগ তিনটি এল.আর. ৬১৮৫ নং দাগে রূপান্তরিত হয়। অত্র সম্পত্তি ভোগ দখল করিয়া আসিতে থাকাকালে তথায় একটি বহুতল বিশিষ্ট ফ্ল্যাট বাড়ি নির্মাণ করিবার জন্য ডেভলপার অর্থাৎ আমমোক্তার নামা দলিলের গ্রহীতার সহিত একটি চুক্তিপত্র অদ্য ইংরেজী ২২/০৯/২০২২ তারিখে মালদহ সদর রেজিষ্ট্রী অফিস ২৬৯৫৭ নং একটি সম্পাদিত হয়। উক্ত চুক্তিপত্রের শর্তানুযায়ী আমমোক্তার দাতাগণ অত্র আমমোক্তার নামা সম্পাদন করিয়া আমাদের পক্ষে এবং আমাদের জন্য ডেভলপার অভিজিৎ মুখোপাধ্যায় মহাশয়কে আমামোক্তার নিযুক্ত করিয়া তাহার বরাবর অত্র আমমোক্তার নামা গ্রহীতা অর্থাৎ ডেভলপার অভিজিৎ মুখোপাধ্যায় কর্তৃক ফ্ল্যাট বাড়ী নির্মাণ কার্য্যে সমস্ত রকম সুবিধার জন্য অত্র আমমোক্তার নামাপত্র সম্পাদন করিতেছি, অত্র আমমোক্তার নামার ক্ষমতা বলে আমমোক্তার গ্রহীতা ডেভলপার অভিজিৎ মুখোপাধ্যায় নিম্ন বর্ণিত যাবতীয় কাজ কর্ম করিতে পারিবেন এবং তাহা আমাদের কৃতকার্য্য বলিয়া গণ্য হইবে।

**-ঃ কার্যাবলী ঃ-**

১। নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তির উপর একটি (জি+৬) বহুতল বিশিষ্ট বাড়ী নির্মানের জন্য একজন দক্ষ সিভিল ইঞ্জিনিয়ার নিযুক্ত করতে পারিবেন।

২। তপশীল বর্ণিত সম্পত্তিতে যে পুরাতন গৃহাদি রহিয়াছে, তাহা সম্পূর্ণ ভাঙ্গিয়া ফেলিয়া ফাঁকা জায়গায় পরিণত করিবেন।

৩। ইংরেজবাজার পৌরসভার প্ল্যান অনুমোদন করাইবার জন্য পৌরসভার যাবতীয় আইন কানুন ও শর্তাদি ও নিয়মাবলী মানিয়া চলিয়া প্ল্যান অনুমোদন করাইবেন।

৪। তপশীল বর্ণিত সম্পত্তিতে যে (জি+৬) বহুতল বাড়ী নির্মাণ হইবে তাহাতে আমমোক্তার দাতাগণের অর্থাৎ শ্রী মলয় বসাক ও শ্রী মৃণাল কান্তি বসাকের প্রাপ্ত অর্থাৎ Owner's allocation-এর যে অংশ রহিবে তদ্ ব্যতীরেকে অপর ফ্ল্যাট/গ্যারেজ ইচ্ছুক

ক্রেতার সহিত আমমোক্তার দাতার বকলমে চুক্তিপত্র সম্পাদন ও স্বাক্ষর করিতে পারিবেন। পরবর্তীতে উক্ত ফ্ল্যাট/গ্যারেজ গুলি বাবদে খোষকোবলা বিক্রয়নামা দলিল সংশোধন দলিল, চুক্তিপত্র আমাদের বকলমে সম্পাদন ও বিক্রয় লব্ধ অর্থ গ্রহণ করিয়া রেজিষ্ট্রারের নিকট উপস্থিত হইয়া ও রেজিষ্ট্রি করিবেন।

৫। আমমোক্তার গ্রহীতা ফ্ল্যাট/গ্যারেজ প্রভৃতি বিক্রয় বাবদে ও চুক্তিপত্র সম্পাদন বাবদে ইচ্ছুক ক্রেতাগণের নিকট হইতে নগদ অর্থ গ্রহণ করিবেন এবং তদ্ বাবদে প্রাপ্তি রসিদ প্রদান করিবেন।

৬। শ্রী মলয় বসাক ও শ্রী মৃণাল কান্তি বসাকের পক্ষে আমমোক্তার স্বরূপে কোন সরকারী, আধা-সরকারী, বেসরকারী অফিসে উপস্থিত হইয়া প্রয়োজনীয় কার্যাদি সম্পাদন ও প্রয়োজনীয় কাগজপত্রে বকলমে স্বাক্ষর করিবেন।

৭। আমমোক্তার দাতার পক্ষে যে কোন আদালতে মামলা, মোকর্দ্দমা দাখিল, তদ্বির, মীমাংসা, উঠাইয়া লইতে প্রয়োজনীয় কার্যাদি করিবেন, প্রয়োজনে আইনজীবি নিযুক্ত করিবেন।

৮। বহুতল (জি+৬) বাড়ী নির্মাণের জন্য মজুর, মিস্ত্রী, ইঞ্জিনিয়ার বিশেষজ্ঞ নিজ পছন্দ অনুযায়ী নিযুক্ত করিবেন।

৯। তপশীল বর্ণিত সম্পত্তি বাবদে কোন খাজনা, ট্যাক্স বাকি থাকিলে তাহা প্রদান করিবেন, কোন টাকা পাওনা থাকিলে তাহা তুলিতে পারিবেন ও আমমোক্তার দাতাগণের পক্ষে বকলমে রসিদ প্রদান করিবেন।

১০। তপশীল বর্ণিত সম্পত্তিতে (জি+৬) বহুতল বিশিষ্ট বাড়ী নির্মাণে কোনরূপ বাধা বিঘ্ন সৃষ্টি হইলে উক্ত বাধা বিঘ্ন অপসারণে মামলা মোকর্দ্দমা স্থাপন, অভিযোগ দায়ের ও কোন আর্জি, দরখাস্ত, বর্ণনা পত্র, তথ্য প্রমাণ আদালতে দাখিল করিতে পারিবেন।

১১। তপশীল বর্ণিত সম্পত্তিতে (জি+৬) বহুতল বিশিষ্ট বাড়িটির নির্মাণ সম্পূর্ণ করিয়া আমমোক্তার দাতাগণের প্রাপ্য অংশ বাদে অন্যান্য ফ্ল্যাট, গ্যারেজ গুলি বিক্রয়ের স্বার্থে অন্যান্য যাহা কিছু করণীয় তাহা করিবেন।

১২। তপশীল বর্ণিত সম্পত্তিতে (জি+৬) বহুতল বিশিষ্ট ফ্ল্যাট বাড়ী নির্মাণের জন্য যে সকল সুরক্ষা ও নিরাপত্তার ব্যবস্থা অবলম্বন করা প্রয়োজন তাহা করিবেন।

১৩। আমমোক্তার দাতাগণের নিযুক্তিয় আমমোক্তার উল্লিখিত বিষয়ে আমমোক্তারের বকলমে যাহা কিছু করিবেন তাহা আমমোক্তার দাতাগণের স্বীয় কৃতকার্য্যের ন্যায় বলিয়া গণ্য হইবে।

১৪। অত্র আমমোক্তারনামা অত্র সম্পত্তিতে বহুতল বিশিষ্ট ফ্ল্যাট/গ্যারেজ নির্মাণ ও বিক্রয়সহ যাবতীয় কাজ এবং ফ্ল্যাট ওনারর্স এ্যাসোসিয়েশন বরাবর হস্তান্তর না হওয়া পর্যন্ত কার্য্যকরী থাকিবে।

১৫। অত্র আমমোক্তার নামা সম্পাদনের পর অত্র সম্পত্তিতে নির্মিত ফ্ল্যাট, গ্যারেজ বিক্রয় বাবদে বিক্রয় লব্ধ অর্থ আমমোক্তার নামার গ্রহীতা প্রাপ্ত হইবেন। তৎকারণে উক্ত বিষয়ে যে সমস্ত ট্যাক্স, রেভেনিউ যাহা কিছু প্রদান করিতে হইবে তাহা আমমোক্তার গ্রহীতা প্রদান করিবেন।

১৬। অত্র আমমোক্তার গ্রহীতা বহুতল (জি+৬) বাড়ীর নির্মাণের জন্য প্রয়োজনীয় অর্থ সংগ্রহের কারণে আর্থিক প্রতিষ্ঠান বা ব্যাঙ্ক হইতে ঋণ সংগ্রহ করিতে পারিবেন সেক্ষেত্রে আমমোক্তার দাতাগণের কোনরূপ দায়বদ্ধতা থাকিবে না।

১৭। অত্র নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি সম্পূর্ণ নির্দায় ও দায়মুক্ত অবস্থায় অর্থাৎ Free from all encumbrances অবস্থায় অত্র আমমোক্তার নামা সম্পাদন করিলাম।

আমামোক্তার মহাশয়ের উপযুক্ত উপরোক্ত কার্য্যাদি আমাদের নিজ কৃত কার্য্য বলিয়া গণ্য হইবে।

এতদ্বর্থে স্বেচ্ছায়, সুস্থ শরীরে, সরল মনে, অন্যের বিনা অনুরোধে, বিনা প্ররোচনায় সাক্ষীগণের সম্মুখে অত্র আমমোক্তার নামা দলিলের মর্ম সম্যক অবগত হইয়া আমরা অত্র আমমোক্তার নামা সম্পাদন করিলাম। ইতি তাং-২২/০৯/২০২২ মোতাবেক বাংলা ৫ই আশ্বিন ১৪২৯।

Malay Basak
Mrinal Kanti Basak.

## তপশীল সম্পত্তি

জেলা- মালদহ, রেজিষ্ট্রী অফিস- এ.ডি.এস.আর. মালদহ, থানা- ইংরেজ বাজার, মৌজা- মহেশমাটি, জে.এল. নং- ৬৬, খতিয়ান নং- আর.এস. ৫৩৯ (পাঁচ শত উনচল্লিশ), ৫৪০ (পাঁচ শত চল্লিশ), এল.আর. ৫১৫১ (পাঁচ হাজার এক শত একান্ন), ৫১৫২ (পাঁচ হাজার এক শত বাহান্ন)।

| দাগ নং | রকম | পরিমান |
|---|---|---|
| আর.এস.৮৪৪ (আট শত চুয়াল্লিশ)<br>৮৪৫ (আট শত পঁয়তাল্লিশ)<br>৮৪৬ (আট শত ছিচল্লিশ)<br>এল. আর. ৬১৮৫ (ছয় হাজার এক শত পঁচিশ) | বাস্তু | ১০.৬৯ (দশ দশমিক ছয় নয়) শতক । |

রায়ত স্বত্ব। জমিদার পশ্চিমবঙ্গ সরকার পক্ষে জেলা মালদহের কালেক্টর বাহাদুর। চৌহদ্দী ঃ- উত্তরে- অসীম কুমার ঘোষ দিং, দক্ষিনে- সামিম আখতার দিং, পূর্বে- বিমল দাস দিং, পশ্চিমে- পৌরসভার ১০ ফুট চওড়া পাকা রাস্তা (বিবিগ্রাম রোড)। অত্র সম্পত্তি ইংরেজবাজার পৌরসভার ১৬ নং ওয়ার্ডের ১১৪/৯৬/৮৫ নং হোল্ডিং ভুক্ত হইতেছে। অত্র সম্পত্তিতে ৪০ বছরের পুরাতন ১০০০ বর্গফুট পরিমিত সিমেন্টের মেঝে যুক্ত কন্সট্রাকশন রহিয়াছে।

ইসাদীঃ- Jadab Ch Basak
S/O Surendu Kumar Basak
Hatkhola, Bibigram
P.S- English Bazar
Po+Dist- Malda-732101


Ratan Kumar Mondal
Radhagobinda Mondal
Vill- Jadab Nagar
PS. Habibpur
Malda

আমমোক্তার দাতাঃ-
Malay Basak
Mrinal Kanti Basak.

আমমোক্তার গ্রহীতাঃ-
Abhi[illegible] Mukhopadhyay

ড্রাফটেড বাইঃ-
Bipul Datta [illegible] Advocate
শ্রী বিপুল দত্ত, এ্যাডভোকেট, 22/9/22
মালদা বার এ্যাসোসিয়েশন,
এনরোলমন্টে নং-৩৬৯/৩৬৬ অব ১৯৯৬.

# ADDITIONAL SHEET



Left Hand Finger Prints | Right Hand Finger Prints



কনিষ্ঠ অনামিকা মধ্যমা তর্জনী বৃদ্ধাঙ্গুলী বৃদ্ধাঙ্গুলী তর্জনী মধ্যমা অনামিকা কনিষ্ঠ

স্বাক্ষর ঃ ...Abhijit Mukhopadhyay...




Left Hand Finger Prints | Right Hand Finger Prints




কনিষ্ঠ অনামিকা মধ্যমা তর্জনী বৃদ্ধাঙ্গুলী বৃদ্ধাঙ্গুলী তর্জনী মধ্যমা অনামিকা কনিষ্ঠ

স্বাক্ষর ঃ ...Malay Basak...



Left Hand Finger Prints | Right Hand Finger Prints



কনিষ্ঠ অনামিকা মধ্যমা তর্জনী বৃদ্ধাঙ্গুলী বৃদ্ধাঙ্গুলী তর্জনী মধ্যমা অনামিকা কনিষ্ঠ

স্বাক্ষর ঃ ...Trinal Kanti Basak...